005

সংবাদ

তারিখ ... ... 6/3/85 ...
পৃষ্ঠা ... ... 8 কলাম ... 6 ... ...

# ৪র্থ শ্রেণী পর্যন্ত ১ কোটি ৫৪ লাখ বই বিতরণ করা হয়েছে

১৯৮৫ শিক্ষা বছরে দেশের সকল প্রাথমিক বিদ্যালয়ে প্রথম শ্রেণী থেকে চতুর্থ শ্রেণীর ছাত্র-ছাত্রীর জন্যে এ পর্যন্ত ৩ কোটির মধ্যে ১ কোটি ৫৪লাখ বই বিনামূল্যে বিতরণ করা হয়েছে।

এক সরকারী তথ্য বিবরণীর বরাত দিয়ে বাসস জানিয়েছে, পঞ্চম শ্রেণীর ছাত্রছাত্রীর জন্য মোট ২৮ লাখ বইয়ের মধ্যে ১৭ লাখ ৩০ হাজার বই অর্ধেক দামে এজেন্টের মাধ্যমে বাজারে ছাড়া হয়েছে।

প্রথম শ্রেণীর ছাত্রছাত্রীর মধ্যে ৮২ শতাংশ, দ্বিতীয় শ্রেণীর ৮২ শতাংশ, তৃতীয় শ্রেণীর ২২ শতাংশ, চতুর্থ শ্রেণীর ৭০ শতাংশ এবং ৫ম শ্রেণীর ৬২ শতাংশ বিতরণ করা হয়েছে।

আগামী ৩১শে মার্চের মধ্যে এর ৮০ শতাংশ বই বিতরণ করা হবে। এছাড়া বাকি ২০ শতাংশ বই ১০ই এপ্রিলের মধ্যে পাওয়া যাবে বলে তথ্য বিবরণীতে বলা হয়েছে। ষষ্ঠ শ্রেণীর ৯০ শতাংশ বই এবং সপ্তম শ্রেণীর ৯১ শতাংশ বই ইতিমধ্যে বাজারে ছাড়া হয়েছে। ষষ্ঠ শ্রেণীর জন্য প্রয়োজন মোট ১৪ লাখ এবং সপ্তম শ্রেণীর জন্য ১২ লাখ বই।

নবম শ্রেণীর ৯টি বই এবং গণিত বই ছাড়া অষ্টম শ্রেণীর সব বই বাংলাদেশ পুস্তক প্রকাশক এবং বিক্রেতা সমিতির মাধ্যমে বাজারে ছাড়া হয়েছে।

আগামী ৯ই মার্চের মধ্যে নবম শ্রেণীর বাংলা পদ্য, গণিত এ্যালজাবরা, ইতিহাস, অর্থনীতি এবং আধুনিক বিজ্ঞান বাজারে ছাড়া হবে। চলতি মাসের শেষ সপ্তাহে অষ্টম শ্রেণীর গণিত বই বাজারে পাওয়া যাবে বলে তথ্য বিবরণীতে উল্লেখ করা হয়।